

বদলে যাচ্ছে সাগর-মহাসাগরের রঙ

- A Monitor Desk Report

Date: 30 November, 2024



বিজ্ঞানীরা জানিয়েছেন, কয়েক দশক ধরে বিশ্বের বিভিন্ন সাগর-মহাসাগরের রঙ ধীরে ধীরে বদলে যাচ্ছে।

গত ২০ বছরে বিভিন্ন সাগর-মহাসাগরের রঙের সূক্ষ্ম পরিবর্তন হয়েছে বলে তাদের মত। এই পরিবর্তন সমুদ্রসৈকতে দিনের বেলায় খালি চোখে শনাক্ত করা না গেলেও উড়োজাহাজ থেকে কিছুটা হলেও দেখা যায়।

যুক্তরাজ্যের ন্যাশনাল ওশানোগ্রাফি সেন্টারসহ বেশ কিছু প্রতিষ্ঠানের বিজ্ঞানীরা যৌথভাবে নাসার অ্যাকোয়া উপগ্রহের ধারণ করা ছবি বিশ্লেষণ করে সাগর-মহাসাগরের রঙ পরিবর্তনের বিষয়টি নিয়ে গবেষণা করছেন। তাদের তথ্যমতে, জলবায়ু পরিবর্তন ও মানুষের বিভিন্ন কার্যক্রমের কারণে সমুদ্রের রঙ ধীরে ধীরে পরিবর্তন হচ্ছে। নিরক্ষরেখার কাছাকাছি গ্রীষ্মমণ্ডলীয় অঞ্চলের মহাসাগর সবুজ হয়ে উঠেছে।

সবুজ হয়ে যাওয়ার অর্থ মহাসাগরের মধ্যে বাস্তুতন্ত্র পরিবর্তিত হচ্ছে। সাগর-মহাসাগরের সবুজ রঙকে প্রভাবিত করে থাকে ফাইটোপ্ল্যাঙ্কটনের মতো ক্ষুদ্র জীব। ফাইটোপ্ল্যাঙ্কটনে ক্লোরোফিল থাকে, যা তাদের সবুজ আভা দেয়। সামুদ্রিক খাদ্যশৃঙ্খলের ভিত্তিতে আছে এরা এবং বায়ুমণ্ডল থেকে কার্বন ডাই-অক্সাইড গ্রহণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। ফাইটোপ্ল্যাঙ্কটনের উপস্থিতি সামুদ্রিক বাস্তুতন্ত্রজুড়ে প্রভাব ফেলতে পারে। বিশ্বব্যাপী কার্বন চক্রকে প্রভাবিত করতে পারে।

ন্যাশনাল ওশানোগ্রাফি সেন্টারের বিজ্ঞানী বি বি কয়েল বলেন, ‘মানুষের বিভিন্ন কার্যক্রম পৃথিবীর প্রাণ ও প্রতিবেশকে প্রভাবিত করছে। জীবজগৎকে প্রভাবিত করার পাশাপাশি আমাদের গ্রহের সবচেয়ে বিস্তৃত সমুদ্রের পরিবেশকেও প্রভাবিত করছে।’

সাগর-মহাসাগরের রঙ পরিবর্তনের বিষয়টিকে গুরুত্ব দেওয়ার আহ্বান জানিয়ে যুক্তরাষ্ট্রের ম্যাসাচুসেটস ইনস্টিটিউটের বিজ্ঞানী স্টেফানি ডার্কিউইচ বলেন, ‘আমরা আশা করি রঙ পরিবর্তনের বিষয়টিকে সবাই গুরুত্ব দেবে। বিভিন্ন মডেল থেকে এই পরিবর্তনের পূর্বাভাস মিলছিল। এখন তা আমরা দেখতে পারছি। সমুদ্রের রঙ পরিবর্তন হচ্ছে।’

